**2024**

# BENGALI

## ( Regular Generic )

Paper : BEN–RG–6016

( পূর্বোত্তরের বাংলা সাহিত্য )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) সুখরঞ্জনের স্ত্রীর নাম কী ছিল?

(খ) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকে বাবুয়া কার ডাকনাম?

(গ) "মদ খেতে খেতে এমন অবস্থা হয়েছিল যে, শেষ দিকে হাত কাঁপত"—'সুখরঞ্জনের নথিপত্র' নাটকের কোন্ চরিত্র প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে?

(ঘ) স্বামী ধীরুঠাকুরকে ত্যাগ করে দ্বীপবাসিনী কার সঙ্গে সংসার করেছে?

(ঙ) রণচণ্ডী মন্দীরের পুরোহিত কে ছিলেন?

(চ) হরনাথের দ্বিতীয় স্ত্রীর নাম কী?

(ছ) 'ভগীরথের তালা' গল্পে ভগীরথের কীসের দোকান ছিল?

(জ) দিগম্বর মিত্র কোন্ গ্রামে বাস করতেন?

(ঝ) মালিনীর বিধবা ননদীর নাম কী?

(ঞ) "প্রথেমে তোমরা বইখানা পড়, পড়ে প্রস্তাব বলিব"—এখানে 'প্রস্তাব' মানে কী?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কলিং-বল কী? ওটা দিয়ে সুখরঞ্জন কী করতেন?

(খ) শেফালি কী নিতে সুখরঞ্জনের কাছে এসেছিল? প্রফেসর তাকে কী এনে দিয়েছিল?

(গ) 'অশ্রুনদী' গল্পে চরবাসীদের জীবিকা কী ছিল? চরবাসীরা কোন্ বারে হাটে যেত?

(ঘ) আসরাফদের জিপে কতজন সহযাত্রী ছিল? আসরাফদের কোথায় পৌঁছে দেওয়া হয়েছিল?

(ঙ) মালিনীর সম্পূর্ণ নাম কী? কত বছর বয়সে দিগম্বর মিত্রের সঙ্গে তার বিয়ে হয়েছিল?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকে মূক-বধির ব্যক্তিটিকে কী কারণে প্রফেসর হ্যারিংটন নামে ডাকা হত? তার চরিত্র সম্পর্কে সংক্ষেপে লেখো।





(খ) সুখরঞ্জনের রিসার্চ সেন্টার অ্যান্ড লাইব্রেরি-কাম-মিউজিয়ামের বর্ণনা দাও।

(গ) 'অশ্রুনদী' গল্পে দাঙ্গার যে চিত্র বর্ণিত হয়েছে তা সংক্ষেপে লেখো।

(ঘ) টীকা লেখো : কাউয়া ঠাকুর।

(ঙ) ধরণীধর দত্ত কে? তিনি দিগম্বরবাবুকে কী উপদেশ দিয়েছিলেন, সংক্ষেপে লেখো।

(চ) "মালিনী একপ্রকার রূপবতী ছিল—কিন্তু স্বভাবদোষে তাহাকে কেহই ভালবাসিত না"—মালিনীর স্বভাবদোষগুলি উল্লেখ করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×৪=৪০

(ক) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকের সংলাপ রচনায় নাট্যকার প্রদ্যোৎ চক্রবর্তীর প্রতিভার পরিচয় দাও।

*অথবা*

(খ) সুখরঞ্জন চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) "তুই আমার ধর্মসন্তান... তুই আমায় বাবা বলে ডাক তিনবার—ডাক ধনে..."—ডোম ধনিয়ারাম কী করে ব্রাহ্মণ ধীরুঠাকুরের ধর্মসন্তান হয়ে উঠল, আলোচনা করো।

*অথবা*

(ঘ) বাসাবদলকে কেন্দ্র করে অনন্তের মনে যে অনুভূতির সঞ্চার হয়েছিল তা বর্ণনা করো।

(ঙ) 'মালিনীর উপাখ্যান' উপন্যাসে মালিনীর মধ্যে যে পরিবর্তনমুখী চেতনার সঞ্চার হয়েছিল তা বুঝিয়ে লেখো।

*অথবা*

(চ) 'মালিনীর উপাখ্যান'-এ বর্ণিত সাবিত্রীব্রতের কাহিনি বর্ণনা করো।

(ছ) 'মালিনীর উপাখ্যান'-কে সার্থক উপন্যাস বলা যায় কি না, বিচার করো।

*অথবা*

(জ) 'নং-থেলেন' গল্পের মূল বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

★★★